ARCHDIOCESE OF CALCUTTA EDUCATION COMMISSION
COMMON QUESTION PAPER
HALF YEARLY EXAMINATIONS 2026-27

CLASS: IX **BENGALI – SECOND LANGUAGE** **F.M.: 80 / 3 HOURS**

SECTION A (40 Marks)
Attempt ALL questions

Question 1

Write a short composition in Bengali of approximately 250 words on any one of the following topics:- [15]

i. একটি ভাঙা পেনের আত্মকথা।
ii. তোমার প্রিয় কার্টুন চরিত্র।
iii. একটি পথশিশুকে তুমি দায়িত্ব নিয়ে পড়ানোর কর্মসূচি গ্রহণ করেছ।এ বিষয়টি আলোচনা কর।
iv. পরিশ্রমই সৌভাগ্যের মূল- এই প্রবাদবাক্য অনুসরণে মৌলিক ছোটোগল্প লেখ।
v. নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে যে-কোন একটি বিষয় নিয়ে আনুমানিক 250 শব্দের মধ্যে একটি প্রবন্ধ রচনা লেখ।



Question2

Write a letter in Bengali in approximately 120 words on any one of the topics given below [7]

নিম্নলিখিত বিষয় দুটির মধ্যে যে কোন একটি বিষয় নিয়ে আনুমানিক 120 শব্দের মধ্যে একটি পত্র লেখ।

i. ভোটের পরে যে পরিবর্তনগুলি করা হবে বলে,তোমাদের কথা দেওয়া হয়েছিল, সেগুলি সম্পূর্ণ করার আবেদন জানিয়ে, মাননীয় পৌরপ্রধানকে বা মেয়রকে একটি পত্র লেখ।

অথবা

ii. তোমার বিদ্যালয় থেকে একটি ক্যান্সার চিকিৎসা কেন্দ্রে নিয়ে যাওয়া হয়েছিল, সেই অভিজ্ঞতার কথা জানিয়ে তোমার প্রিয় বন্ধুকে একটি পত্র লেখ।

Question3

Read the passage given below and answer in Bengali the questions that follow, using your own words as far as possible:- [10]

নিচের অংশটি ভাল করে পড়ে প্রদত্ত প্রশ্নগুলির ঠিকমত উত্তর নিজের ভাষায় লেখঃ- [10]

বাঙালি সংস্কৃতিতে রবীন্দ্রনাথের পরেই বা সমান্তরালে যে নামটি উচ্চারিত হয় তা সত্যজিৎ রায়। সম্পর্কের বাঁধটাও তাদের পারিবারিক। সত্যজিতের বাবা সুকুমার রায়ের জন্মের আগেই কিন্তু সত্যজিতেব ঠাকুরদা, সুকুমার পিতা উপেন্দ্রকিশোরের সঙ্গে রবীন্দ্রনাথের বন্ধু ত্ব গড়ে উঠেছিল। রবীন্দ্রনাথেব চেয়ে উপেন্দ্রকিশোর দুবছরের ছোটো হলেও তাদের বন্ধুত্বে ত কিছু বাধা হয়ে দাঁড়ায়নি। দেখা যায় কবি সম্পাদিত 'সাধনা' পত্রিকায় লিখেছেন উপেন্দ্রকিশোর। রবীন্দ্রনাথও উপেন্দ্রকিশোরের লেখার সমালোচনা করেছেন।(উপেন্দ্রকিশোর কবির কবিতা অবলম্বনে ছবি এঁকেছেন, রবীন্দ্রনাথের গানেস্বরলিপ করেছেন, তার গানের সঙ্গে বেহালা বাজিয়েছেন।) শুধু তাই নয় উপেন্দ্রকিশোরের বাড়িতে রবীন্দ্রনাথের নিয়মিত আশা যাওয়া ছিল। ফলে জন্মাবধি রবীন্দ্রনাথকে দেখেছেন সুকুমার রায়। শুধু দেখা নয়, যুবক বয়সে ব্রাহ্মসমাজের সূত্রে রবীন্দ্রনাথের সরাসরি সান্নিধ্যেও এসেছেন তিনি। রবীন্দ্রনাথের সঙ্গে ২৬ বছরের ছোটো সুকুমারের এক সাংস্কৃতিক বন্ধুত্ব হয়েছিলও। এমনকি রবীন্দ্রনাথের সঙ্গে আংশিকভাবে ইউরোপ ভ্রমণও করেন তিনি। রবীন্দ্রনাথের যেমন সার্ধশতবর্ষ শেষ হল, সুকুমার রায়ের ১২৫তম জন্মবার্ষিকী শুরু হল।(সুকুমার রায় যখন কালাজ্বরে আক্রান্ত হয়ে মৃত্যুপথযাত্রী তখন অসুস্থ সুকুমারকে দেখতে এসেছিলেন রবীন্দ্রনাথ) রোগশয্যায় পাশে বসে কবি গাইলেন 'আছে দুঃখ ,আছে মৃত্যু, দুঃখ একার নয়, সুখ নহে গো' এই দুটি গান। সত্যজিতের বয়স তখন দুই। অবশ্য সত্যজিৎ রবীন্দ্রনাথকে বাবার মৃত্যুশয্যায় দেখেছেন, রবীন্দ্রনাথও দুবছরের সত্যজিৎকে তখন দেখেছেন। কিন্তু পরবর্তী সময়ে রবীন্দ্রনাথের স্মৃতিতে কিন্তু সত্যজিৎ থাকছেন। আর সত্যজিতের স্মৃতিতে বাবার পাশে রবীন্দ্রনাথ সে কথা মনে থাকার নয়।(সুকুমার রায়ের মৃত্যু হয় ১৯২৩ সালের ১০ই সেপ্টেম্বর। সত্যজিতের বয়স তখন ২বছর ৪মাস ৮দিন(সুকুমার রায়ের মৃত্যুতে শান্তিনিকেতনে শোকসভা করেছিলেন) রবীন্দ্রনাথ। সেই শোকসভায় রবীন্দ্রনাথ প্রয়াত সুকুমার রায়কে বন্ধু বলেই সম্বোধন। মাত্র ৬৩ বছরে মারা যান সুকুমার রায়। সত্যজিৎ তাঁর বাবাকে আবিষ্কার করেছেন তাঁর স্মৃতির মধ্য দিয়ে। তবে বাবার মৃত্যুতে মাকে লেখা রবীন্দ্রনাথের চিঠি সত্যজিৎ নিশ্চয় পড়েছেন। কবির চিঠি থেকে সত্যজিতের পিতা সুকুমার রায়কে কবি কী চোখে দেখতেন, সেটা যেকোনো মানুষের কাছেই স্পষ্ট হয়ে যাবে। আর সুকুমার পুত্র সত্যজিতের কাছে তো বটেই।সত্যজিৎ রাবীন্দ্রিক পরিবেশের মধ্যেই ছোটোবেলা কাটিয়েছেন। বিখ্যাত রবীন্দ্রসংগীত শিল্পী কনকপ্রভা দাশ তাঁর মাসিমা। মা সুপ্রভা দেবীও ভালো রবীন্দ্রসংগীত গাইতেন। বাবার মৃত্যুর পর শিশু সত্যজিৎকে নিয়ে শান্তিনিকেতনে গিয়েছিলেন সুপ্রভা। সেখানে মা ও মসি কনকপ্রভার সঙ্গে কাটিয়েছিলেন রবীন্দ্রনাথের আতিথ্য। অন্তত মাস তিনেক। মা ও মাসি শান্তিনিকেতনের উন্মুক্ত আবহাওয়ায় খোলা গলায় রবীন্দ্রসংগীত গাইতেন।সত্যজিতের রবীন্দ্রসংগীত আবিষ্কার বোধ হয় সেই সময় থেকেই। এরপর আট বছর বয়সে মায়ের সঙ্গেই আবার গিয়েছিলেন শান্তিনিকেতনে। সত্যজিতের খাতায় একটি কবিতা লিখে দিয়েছিলেন রবীন্দ্রনাথ। 'বহুদিন ধরে বহুক্রোশ দূরে'। সত্যজিতকে আশীর্বাদ করে গুরুদেব বলেছিলেন 'বড় হয়ে এই কবিতার মানে বুঝবে'। আমৃত্যু এই স্মৃতি সত্যজিতের মনে ছিল।

প্রশ্নমালাঃ-

i. সত্যজিৎ রায়ের বাবার ও ঠাকুরদাদার নাম কি?[2]
ii. রবীন্দ্রনাথের কবিতা অবলম্বনে কে ,কি করেছিলেন?[2]
iii. সুকুমার রায় কোন রোগে আক্রান্ত হয়েছিলেন? তাকে কে দেখতে এসেছিলেন?[2]
iv. কত সালে সুকুমার রায়ের মৃত্যু হয়? কোথায় তার শোকসভা হয়েছিল?[2]
v. কোন স্মৃতি সত্যজিৎ রায়ের মনে আমৃত্যু ছিল?[2]

Question4

Answer the following questions according to the instructions given:- [8]

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর নির্দেশানুসারে লেখঃ-

i. যে আরাধনার যোগ্য-[1]
   a) আরাধ্য।
   b) পূজনীয়।
   c) প্রণাম।
   d) অারাধ্যা।

ii. দেখতে নিরীহ কিন্তু নিজের ভাইয়ের পিছনে ,তাকে মারার জন্য _____ লেগেছে।[1]
   a) আদাজল খেয়ে।

b) আকাশ কুসুম।
c) বালিরবাধঁ।
d) ডুমুরের ফুল।

iii. এমন অভিনয় দেখে দর্শকরা রাগে _____ করতে করতে বেরিয়ে গেল।(উপযুক্ত শব্দ বসাও।)[1]
a) ফিক ফিক।
b) খিল খিল।
c) গজ-গজ।
d) গুটি-সুটি।

iv. মহারাজ মরুভূমির অভিমুখে প্রস্থান করুন।-এটি চলিত ভাষায় পরিবর্তন করলে হবে-[1]
a) মহারাজের মরুভূমি প্রস্থান হল।
b) মহারাজ মরুভূমির দিকে চলে যান।
c) মহারাজের মরুভূমি যাওয়া হবে।
d) মহারাজের দ্বারা মরুভূমির অভিমুখে প্রস্থান করা হোক।

v. অর্থ লেখঃ- হাঁসফাঁস -কথাটির[1]
a) অস্থিরতা।
b) ভয় পাওয়া।
c) থেমে যাওয়া।
d) প্রকাশ পাওয়া।

vi. বাক্য পরিবর্তন করঃ-[1]
ক।মন দিয়ে পড়াশোনা করলেই ভালো ফল করবে ।(বাক্যে যদি-তাহলেই শব্দটি ব্যবহার কর।)

vii. শুদ্ধ বানান হবে-[1]
a) শশি।
b) শসী।
c) শষী।
d) শশী।

viii. 'চোখ'- শব্দটি 'লোভ' অর্থে বসালে উত্তরটি হবে-[1]
a) চোখে পোকা ঢুকেছে।
b) তোমার গয়নার উপর ওর চোখ আছে এটা ভেবো না।
c) ওকে চোখে-চোখে রাখ।
d) ভুলগুলো চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেব এবারে।

SECTION-B (40 Marks)

সংকলিতা

Attempt **four** questions from this section.
You must answer at least **one** question from each of the **two** books you have studied.
And any **two** other questions.
(যেকোন দুটি বই থেকে চারটি প্রশ্নের উত্তর লেখ)
তোমার পঠিত দুটি বই থেকে একটি করে উত্তর অবশ্যই লিখবে। বাকি যে কোন দুটির উত্তর লেখ.

ছোটগল্প

গিন্নি

-রবীন্দ্রনাথ ঠাকুর

Question5

Read the extract given below and answer in Bengali the questions that follow:-

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ।

স্কুলের অনেক ছেলেরাই তাহার সঙ্গে ভাব করিবার জন্য উন্মুখ ছিল" -

i. কার কথা বলা হয়েছে? সে কোন ক্লাসে পড়ত?[2]
ii. সে কেমন ছেলে ছিল?[2]
iii. অন্যরা ভাব করতে গেলে সে কেমন আচরণ করত?[3]
iv. তার জীবনের দুঃখজনক ঘটনা কী ছিল?[3]

লালু
-শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

Question6

Read the extract given below and answer in Bengali the questions that follow:-
নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ।
"স্ত্রীর কান্ড দেখে হতবুদ্ধি হয়ে গেলেন"।–

i. কার কথা, এখানে বলা হয়েছে?[2]
ii. তার স্ত্রী কোন ধরনের কান্ড করেছিলেন?[2]
iii. কেনই বা সেই কান্ড তৈরি হয়েছিল?[3]
iv. এই ঘটনাটি কে,কেন তৈরি করেছিল?[3]

ক্যানভাসার

-বনফুল

Question7

Read the extract given below and answer in Bengali the questions that follow:-

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ।

"বেরিয়ে যান বলছি আপনি গাঁ থেকে"-

i. কে,কাকে এই কথা বলেছিল?[2]
ii. কখন এই কথা বলেছিল?[2]
iii. কেন বক্তা এরম ধরনের কথা বলেছিলেন?[3]
iv. একথার পর কোন বিস্ময়কর ঘটনা ঘটেছিল?[3]

পদ্যাংশ
সভ্যতার প্রতি
-রবীন্দ্রনাথ ঠাকুর

Question8

Read the extract given below and answer in Bengali the questions that follow:-

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ।

"বক্ষে ফিরে পেতে চাই শক্তি আপনার"-

i. কোন সময়ে দাঁড়িয়ে কবি একথা বলেছেন?[2]
ii. কোন শক্তির কথা কবি বলতে চেয়েছেন?[2]
iii. কেন তিনি সেই শক্তি ফিরে পেতে চান।[3]
iv. কোন পরিবেশ দেখে কবি মনে এই আকাঙ্খা তৈরি হয়েছিল,কবিতার বিষয়বস্তু অনুসারে ব্যাখ্যা কর।[3]

সিঁড়ি
সুকান্ত ভট্টাচার্য

Question9

Read the extract given below and answer in Bengali the questions that follow:-

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ।

"একদিন তোমাদেরও হতে পারে পদস্খলন"

i. কে,কাদের ব্যাপারে একথা বলেছেন?[2]
ii. 'পদস্খলন' বলতে কী বোঝানো হয়েছে?[2]
iii. কেন, কাদের পদস্খলন হবে বলে কবি মনে করেছেন?[3]
iv. আলোচ্য অংশের যে ঐতিহাসিক ব্যাখ্যা রয়েছে,তা কবিতার বিষয়বস্তু অনুসারে কতটা প্রযোজ্য ব্যাখ্যা কর।[3]

রবীন্দ্রনাথের প্রতি
-বুদ্ধদেব বসু

Question10

Read the extract given below and answer in Bengali the questions that follow:-

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ।

বর্বর রাক্ষস হাকে, আমি শ্রেষ্ঠ, সবচেয়ে বড়ো"-

i. কবি কাদের বর্বর রাক্ষস বলেছেন?[2]
ii. কেন কবি তাদের সম্পর্কে এত ঘৃণা প্রকাশ করেছেন?[2]
iii. মানুষের কোন ধরনের নীচতা তিনি লক্ষ্য করেছেন,তা কবিতা অনুসারে ব্যাখ্যা কর।[3]
iv. এই দুর্দিনে কবি কীভাবে নিজেকে আশ্বস্ত করে ভয়কে জয় করেছেন?[3]
